গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**শৃঙ্খলা শাখা**

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৭.১৮-০১ তারিখঃ ০২/০১/২০১৯ খ্রি.

বিষয়ঃ ডাঃ মোঃ আব্দুল বারী, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কেশবপুর, যশোর-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক **'অসদাচরণ (Misconduct)'**-এর দায়ে বিভাগীয় মামলা রুজু।

## অভিযোগনামা

যেহেতু আপনি ডাঃ মোঃ আব্দুল বারী, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কেশবপুর, যশোর দীর্ঘদিন ধরে 'মহাকবি মাইকেল ক্লিনিক' নামক একটি প্রাইভেট ক্লিনিকে ব্যবসায় জড়িত থাকার কারণে নিয়মিত অফিস করেন না। অফিস চলাকালীন সময়েও আপনি উক্ত ক্লিনিকে নিয়মিত প্রাকটিস করেন এবং বেলা ১২:০০ টার পর অফিসে আসেন;

যেহেতু, আপনার প্রশ্রয়ের কারণে বেগম নুরজাহান, অফিস সহায়ক, সদর পরিবার পরিকল্পনা ক্লিনিক, কেশবপুর, যশোর স্টাফদের সাথে খারাপ ব্যবহার করেন;

যেহেতু, আপনি যশোর জেলার কেশবপুর উপজেলাধীন সাগরদাঁড়ী ইউনিয়নের মেহেরপুর গ্রামের বেগম আরেশা খাতুন নামক জনৈক মহিলা রোগীর শারীরিক পরীক্ষা-নিরীক্ষার নামে শ্লীলতাহানীর চেষ্টা করেন। এছাড়া, গর্ভবতী মহিলাদের চেক-আপের নামে তাদের স্পর্শকাতর স্থানসমূহ স্পর্শ করেন;

যেহেতু, আপনি এনএসভি ক্লায়েন্টদের সাথে অগ্রহণযোগ্য এবং অশোভন আচরণ করেন। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির শিকার এনএসভি ক্লায়েন্টগণ তাঁর এলাকায় গিয়ে অন্যান্য আগ্রহী সেবা গ্রহীতাদের কাছে আপনার সম্পর্কে নেতিবাচক মনোভাব ব্যক্ত করেন। ফলে, আর কোন ক্লায়েন্ট পরিবার পরিকল্পনা সেবা নিতে আসতে চান না। আপনার এ ধরণের অনৈতিক কর্মকান্ডের ফলে মাঠ পর্যায়ে কর্মরত মাঠ কর্মীদের প্রতি স্থানীয় জনগনের আস্থার অভাব পরিলক্ষিত হওয়ায় মাঠ কর্মীগণ মাঠপর্যায়ে কাজ করতে সমস্যার সম্মুখীন হচ্ছেন;

যেহেতু, আপনার এরুপ কার্যকলাপের কারণে পরিবার পরিকল্পনা কার্যক্রমে নেতিবাচক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে, পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বাধাগ্রস্থ হয়েছে, বিভাগীয় ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে এবং প্রাথমিক তদন্তে আপনার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন পাওয়া গেছে; এবং

**যেহেতু, আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' হিসেবে গণ্য; যা শাস্তিযোগ্য অপরাধ।**

সেহেতু, আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক **'অসদাচরণ (Misconduct)'**-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' দন্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কি-না, তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(জি. এম. সালেহ উদ্দিন)
সচিব

ডাঃ মোঃ আব্দুল বারী
মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কেশবপুর, যশোর।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০১৭.১৮- ০৯/১(৬)

তারিখঃ ০২/০১/২০১৯ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
**(নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অয়েবসাইটে প্রকাশ, অভিযুক্ত কর্মকর্তার ই-মেইলে প্রেরণ এবং তাঁর সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণপূর্বক (যদি বিলি না হয়ে থাকে সেক্ষেত্রে সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় লটকায়ে জারিকরণপূর্বক ফেরতখামসহ) তার প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের অনুরোধসহ)।**

২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, যশোর।

৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

৬। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কেশবপুর, যশোর।

০২/০১/২০১৯

(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোন-৯৫৪৫৬৬৭

## অভিযোগ বিবরণী

আপনি, ডাঃ মোঃ আব্দুল বারী, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, কেশবপুর, যশোর দীর্ঘদিন ধরে 'মহাকবি মাইকেল ক্লিনিক' নামক একটি প্রাইভেট ক্লিনিকে ব্যবসায় জড়িত থাকার কারণে নিয়মিত অফিস করেন না। অফিস চলাকালীন সময়েও আপনি উক্ত ক্লিনিকে নিয়মিত প্রাকটিস করেন এবং বেলা ১২:০০ টার পর অফিসে আসেন;

আপনার প্রশ্রয়ের কারণে বেগম নুরজাহান, অফিস সহায়ক, সদর পরিবার পরিকল্পনা ক্লিনিক, কেশবপুর, যশোর স্টাফদের সাথে খারাপ ব্যবহার করেন;

আপনি যশোর জেলার কেশবপুর উপজেলাধীন সাগরদাঁড়ী ইউনিয়নের মেহেরপুর গ্রামের বেগম আয়েশা খাতুন নামক জনৈক মহিলা রোগীর শারীরিক পরীক্ষা-নিরীক্ষার নামে শ্লীলতাহানীর চেষ্টা করেন। এছাড়া, গর্ভবতী মহিলাদের চেক-আপের নামে তাদের স্পর্শকাতর স্থানসমূহ স্পর্শ করেন;

আপনি এনএসভি ক্লায়েন্টদের সাথে অগ্রহণযোগ্য এবং অশোভন আচরণ করেন। এ ধরনের অনাকাঙ্ক্ষিত পরিস্থিতির শিকার এনএসভি ক্লায়েন্টগণ তাঁর এলাকায় গিয়ে অন্যান্য আগ্রহী সেবা গ্রহীতাদের কাছে আপনার সম্পর্কে নেতিবাচক মনোভাব ব্যক্ত করেন। ফলে, আর কোন ক্লায়েন্ট পরিবার পরিকল্পনা সেবা নিতে আসতে চান না। আপনার এ ধরণের অনৈতিক কর্মকাণ্ডের ফলে মাঠ পর্যায়ে কর্মরত মাঠ কর্মীদের প্রতি স্থানীয় জনগনের আস্থার অভাব পরিলক্ষিত হওয়ায় মাঠ কর্মীগণ মাঠপর্যায়ে কাজ করতে সমস্যার সম্মুখীন হচ্ছেন;

আপনার এরূপ কার্যকলাপের কারণে পরিবার পরিকল্পনা কার্যক্রমে নেতিবাচক প্রতিক্রিয়ার সৃষ্টি হয়েছে, পরিবার পরিকল্পনা সেবা কার্যক্রম বাধাগ্রস্থ হয়েছে, বিভাগীয় ভাবমূর্তি ক্ষুণ্ন হয়েছে এবং প্রাথমিক তদন্তে আপনার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে মর্মে প্রতিবেদন পাওয়া গেছে; এবং

আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) মোতাবেক 'অসদাচরণ (Misconduct)' হিসেবে গণ্য; যা শাস্তিযোগ্য অপরাধ।

(জি. এম. সালেহ উদ্দিন) ৫/৮/২২
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়